

স্মারক নং: প্রাশিঅ/৭(নিয়োগ)/সশিনি(রাজস্ব)/২০১৪/ ২৪৯

তারিখ: ৩০ ভাদ্র ১৪২১  
২৪ সেপ্টেম্বর ২০১৪

### নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরস্বাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত "সহকারী শিক্ষক" এর গুণ্য পদে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত বেতনস্কেলে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে (পার্বত্য তিন জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান ব্যতীত) নিম্নে উল্লিখিত শর্তাবলী অনুযায়ী দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতনক্রম	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
সহকারী শিক্ষক	ক) প্রশিক্ষণপ্রাপ্ত বেতনস্কেল: টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০- ইবি-৩৪৫×১১-১১২৩৫/= (জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী) খ) প্রশিক্ষণবিহীন বেতনস্কেল: টাকা ৪৯০০-২৯০×৭- ৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০/- (জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী)	অক্টোবর ১৮, ২০১৪ তারিখে ১৮ থেকে ৩০ বৎসর (মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর)	<b>পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে :</b> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। <b>মহিলা প্রার্থীদের ক্ষেত্রে :</b> উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএসহ উত্তীর্ণ অথবা স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

- (২) এ বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে দরখাস্ত করতে হবে। সে লক্ষ্যে <http://dpe.teletalk.com.bd> এবং [www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd) ওয়েবসাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক অনলাইন আবেদনপত্র পূরণ করতে হবে। Online-এ আবেদনপত্র পূরণ করে Submit করার পর Application Copy প্রিন্ট করতে পারবেন। Application Copy প্রিন্ট করার পর প্রয়োজনে একাধিকবার পড়ে নিতে হবে। যদি Application-এ কোন সংশোধনি থাকে তবে তাকে পুনরায় Application Form পূরণ করতে হবে। ত্রুটিপূর্ণ Application-এ কোন অবস্থাতেই SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়া উচিত হবে না। একবার আবেদন ফি জমা দেয়ার পর Application Form- কোন অবস্থাতেই সংশোধন বা প্রত্যাহার করা যাবে না। সঠিকভাবে পূরণকৃত Application Copy এর User ID দিয়ে আবেদন ফি জমা দিতে হবে।
- (৩) অনলাইনে আবেদন ফি গ্রহণ শুরু তারিখ- সেপ্টেম্বর ১৮, ২০১৪ (সকাল- ১০:৩০মিনিট), শেষ তারিখ অক্টোবর ১৮, ২০১৪ (রাত-১১:৫৯ মিনিট)।
- (৪) কেবলমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময় পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS-এ আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদনকারীকে ১টি User ID এবং Password দেয়া হবে। উক্ত User ID এবং Password সব সময়ের জন্য সংরক্ষণ করতে হবে।
- (৫) অনলাইনে আবেদন দাখিলের পর SMS-এ অবশ্যই ফি প্রদান করতে হবে। ফি প্রদানের পরই কেবল আবেদনটি চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে।
- (৬) পরবর্তীতে লিখিত পরীক্ষার ব্যবস্থাদি চূড়ান্ত করার পর প্রত্যেক যোগ্য আবেদনকারীকে SMS-এর মাধ্যমে জানানো হবে এবং তিনি উপরোক্ত ওয়েবসাইটের লিংক ব্যবহার করে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। User ID এবং Password সহ অন্যান্য তথ্য পুন: উদ্ধারের জন্য উক্ত লিংকে প্রার্থীর নিজস্ব তথ্য দিয়ে উদ্ধার করা যাবে।
- (৭) দরখাস্তকারী যে উপজেলা/থানার স্থায়ী বাসিন্দা তাঁর প্রার্থিতা উক্ত উপজেলা/থানার জন্য বা অনুকূলে নির্ধারিত থাকবে এবং তাঁর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে।
- (৮) প্রচলিত কোটানীতি অনুসরণপূর্বক মেধাক্রমানুসারে (উপজেলা/থানাওয়ারী) 'সহকারী শিক্ষক' এর বিদ্যমান শূন্যপদসমূহে নিয়োগের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রস্তুত করে নিয়োগ দানের ব্যবস্থা নেয়া হবে।
- (৯) বিবাহিতা মহিলা প্রার্থীগণ দরখাস্তে তাঁদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানায় দরখাস্ত করতে পারবেন। তবে এ দু'টি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি দরখাস্তে উল্লেখ করবেন তাঁর প্রার্থিতা সেই উপজেলা/থানার কোটায় বিবেচিত হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং পুত্র কন্যার পুত্র কন্যা মুক্তিযোদ্ধার সন্তান কোটায় বিবেচিত হবেন।